

কলকাতার বাংলাদেশি বইমেলা শেষ হচ্ছে আজ

নিজস্ব প্রতিবেদক, কলকাতা ▷

কলকাতায় বাংলাদেশের বইমেলায় ৯ দিনের আয়োজনের পর্দা নামছে আজ রবিবার। গতবার থেকে এই মেলার আয়োজন করা হচ্ছে খোলা মাঠে। কলকাতার সাহিত্যপ্রেমীদের তীর্থস্থান বলে পরিচিত রবীন্দ্রসদন চত্বরে গতকাল শনিবার ছিল চোখে পড়ার মতো বই পোকার জিড়।

বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি এবং কলকাতার বাংলাদেশ উপদূতাবাসের যৌথ উদ্যোগেই কলকাতায় এ বইমেলা চলছে।

অনন্যা, অন্যপ্রকাশ, অবসর, কথাপ্রকাশ, জার্মান্যান বুকস, নবযুগ, প্যাঞ্জেরী, মাওলা ব্রাদার্স, সময়, সংঘ ছাড়াও ভাষাচিত্রের মতো ৪৮টি প্রকাশনা সংস্থা মেলায় তাদের বই নিয়ে এসেছে। বাংলাদেশের ইতিহাস, মুক্তিযুদ্ধ, রাসার বই ছাড়াও শিশুসাহিত্য নিয়েও বই বিক্রি হচ্ছে। বরাবরের মতোই হুমায়ুন আহমদ মেলার বেস্ট সেলারের তালিকায় শীর্ষে রয়েছেন। ওই তালিকায় আরো রয়েছেন কথাসাহিত্যিক ও কালের কণ্ঠ সম্পাদক ইমদাদুল হক মিলন, সেলিনা হোসেন, আখতারুজ্জামান ইলিয়াস, ড. আনিসুজ্জামান ও মহাদেব সাহার মতো লেখকও।

বাংলাদেশের তরুণ লেখক ও সাংবাদিকদের বইও জনপ্রিয়তায় নিরিখে বেশ এগিয়ে রয়েছে বলে মনে করছে কলকাতার পাঠকরা। যেমন— কথাসাহিত্যিক ও সাংবাদিক মোস্তফা কামাল, তুষার আব্দুল্লাহ ও নাসরিন সুলতানার লেখা বইও বেশ বিক্রি হচ্ছে। কলকাতায় বাংলাদেশের বইয়ের চাহিদা আগেও ছিল কিন্তু এখন আরো বেড়েছে—এর কারণ হিসেবে কলকাতার বাংলাদেশে উপদূতাবাসের শিক্ষাবিষয়ক কাউন্সিলর ওমর ফারুক খান বলেন, গত পাঁচ বছর ধরে কলকাতায় এ ধরনের একটি বইমেলা হচ্ছে। কলকাতা বইমেলায় বাংলাদেশের বই পাওয়া যায় কিন্তু এভাবে এত প্রকাশিত এক ছাতার তলায় পাওয়া যাচ্ছে শুধু কলকাতার বাংলাদেশি বইমেলাতেই।

এদিকে গতকাল শনিবার পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের শিশুসাহিত্য নিয়ে এক সেমিনারও অনুষ্ঠিত হয়। শিশুসাহিত্যিক আমীরুল ইসলাম সেমিনারের মূল প্রবন্ধ পাঠ করেন। প্রধান অতিথি ছিলেন শিশুসাহিত্যিক ও চ্যানেল আইয়ের ব্যবস্থাপনা পরিচালক ফরিদুর রেজা সাগর এবং বিশেষ অতিথি ছিলেন পশ্চিমবঙ্গের শিশুসাহিত্যিক শ্যামলকান্তি দাস।